



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

E-mail : ic@bise-ctg.gov.bd, Website: www.bise-ctg.gov.bd

স্মারক নং চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/২৬৭৫ (৩৩০০)

তারিখ : ১৮/১১/২০২৫খ্রি:

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি'র সভাপতির দায়িত্ব পালন প্রসঙ্গে।

সূত্র : ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০০০.০৭২.৪৪.০০০২.২৫.৫৯, তারিখ : ১৫/১১/২০২৫

২। বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির স্মারক নং-বিবিধ/কলেজ/২০২০/৪০৯২, তারিখ : ১৬/১১/২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট কলেজ/ স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট ডিভিশন এর রিট পিটিশন নং-১৬৭৫৭/২০২৫ মামলায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক গত ০৮/০৯/২০২৫ তারিখে জারিকৃত "মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ (সংশোধনীসহ) অনুযায়ী এডহক কমিটি ও নিয়মিত কমিটি গঠন সংক্রান্ত পরিপত্রটি ০৩ (তিন) মাসের জন্য স্থগিত করা হয়েছে।

বিদ্যমান পরিস্থিতিতে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে "মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪ এর অনুষ্টেদ-৬৯ অনুযায়ী নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুষ্টেদ ৬৯। অন্তর্বর্তীকালীন ব্যবস্থা-

(১) এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হইবার পর নির্ধারিত সময়ে, ক্ষেত্রমত, নূতন গভর্নিং বডি, ম্যানেজিং কমিটি বা এডহক কমিটি গঠিত না হইলে, পরবর্তী এডহক কমিটি গঠিত হইবার পূর্ব পর্যন্ত, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তাহার প্রতিনিধি সভাপতির বর্ণিত দায়িত্ব পালন করিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সভাপতি ৬০ (ষাট) দিনের মধ্যে এডহক কমিটি গঠনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

(৩) বেতন ভাতা উত্তোলনের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসক বা তার প্রতিনিধির স্বাক্ষরে বেতনের সরকারি অংশ (এমপিও) উত্তোলন করা যাইবে।

(৪) উপ-প্রবিধান (১) এর বিধান অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত সভাপতি কোনক্রমেই অধ্যক্ষ, উপাধ্যক্ষ, প্রধান শিক্ষক, সহকারী প্রধান শিক্ষক, গ্রন্থাগারিক, সহকারী গ্রন্থাগারিক বা কোনো কর্মচারী নিয়োগ করিতে পারিবেন না, তবে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃক কর্তৃক কোনো শিক্ষক নিয়োগের সুপারিশ প্রদান করা হইলে, তাহাদিগকে নিয়োগ দান করিতে পারিবেন।

উল্লেখ্য, নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি গঠন প্রবিধানমালা, ২০২৪ এর অনুষ্টেদ-৬৩ অনুযায়ী (সংস্থা) পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে উল্লিখিত বিধান প্রযোজ্য হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর ড. মোহাম্মদ ছরওয়ার আলম)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

চট্টগ্রাম।

প্রাপক :

অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান

অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট কলেজ/স্কুল এন্ড কলেজ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান জেলা।

২। উপজেলা নির্বাহী অফিসার, অত্রবোর্ডের আওতাধীন সকল উপজেলা।

৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল।

৪। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান জেলা।

৫। পিএস টি চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।